

কণ্ঠস্বর শ্রুতিকটু বদ অতিশয়।
 গান শুনি সবে দূর করিয়া তাড়ায়।।
 বিরস বদনে শেষে ওড়াকান্দী যাই।
 মনোকষ্ট জানা'লেম মহাপ্রভু ঠাই।।
 গান করিবারে যাই কণ্ঠে নাহি সুর।
 গান নাহি শুনে সবে করে দূর্ দূর্।।
 কি করিব দয়াময় বলুন উপায়।
 পৈত্রিক ব্যবসা মম আমা হ'তে যায়।।
 মহাপ্রভু বলে বলি 'তোমার নিকটে।
 এই কথা জানাইবা প্রতি হাটে হাটে।।
 যারে দেখ তারে তুমি ব'ল বারে বারে।
 মোর গান নাহি শুনে দেয় দূর করে।।
 তাহা তুমি করিলে করিতে পার গান।
 সাত হাট সেধে সেধে হও অপমান।।'
 তাহা শুনি সাত হাট করিলাম তাই।
 তাহা করিলাম যাহা বলিল গৌসাই।।
 আশ্বিনে যাইব ঢাকা গান গাহিবারে।
 ভাবিলেন যা'ব প্রভুপদ সৃষ্টি করে।।
 প্রভু বলে 'তারক ঢাকাতে তুমি যাও'
 মোর জন্যে এন এক ময়নার ছাও।।
 প্রভু আজ্ঞা শিরোধার্য করিয়া তখন।
 ঢাকা গিয়া ঢাকেশ্বরী করিনু দর্শন।।
 পাঁঠা-ভেড়া বলি দেখি দুঃখিত হইয়া।
 সদলে আইনু ফিরে হরিধ্বনি দিয়া।।
 হেনকালে পথে এক ময়না বিক্রেতা।
 দুইটি ময়না ছাও ল'য়ে এল তথা।।
 'কত মূল্য চাও' বলিলাম তার ঠাই।
 বিক্রেতা বলিল 'আমি নয় টাকা চাই।'
 নয় টাকা দিয়া পক্ষী করিনু খরিদ।
 গান করি বাড়ী যাই পাইনু সুহৃদ।।

নড়া'ল নিবাসী রামকুমার বিশ্বাস।
 শ্রীধামের সংবাদ শুনিবু তার পাশ।।
 বলিলাম সবিনয়ে শ্রীরামকুমারে।
 'বড় নৌকা ল'য়ে ওড়াকান্দী গেল পরে।।
 অনেক বিলম্ব হবে এই পাখী লও।
 তুমি গিয়া শ্রীধামে প্রভুকে পাখী দেও।।'
 দুই পাখী মধ্য যেটা ছিল হস্তপুষ্ট।
 কুমারে দিলাম পাখী হ'য়ে অতি হস্ত।।
 পাখী ল'য়ে সুখী হয়ে কুমার চলিল।
 বাটী গিয়া ভবানীর কাছে পাখী দিল।।
 'কল্যাপ্রাতে ওড়াকান্দী যা'ব দুইজন।
 রাখ দিদি এই পাখী করিয়া যতন।।
 রাখিবার খাঁচা নাই কোথা রাখি পাখী'
 হাঁড়ি মধ্যে রাখে সরা দিয়া মুখ ঢাকি।।
 শ্বাস বন্ধ হয়ে পাখী রাত্রিতে মরিল।
 প্রাতেঃ ওড়াকান্দী যেতে আরোজন কৈল।।
 সরা তুলে দেখে পাখী মরেছে তখনে।
 কুমার ভবানী ব'সে কাঁদে ভাই বোনে।।
 কুমার বলেছে 'দিদি তোমারে জানাই।
 মরা পাখী ল'য়ে চল ওড়াকান্দী যাই।।
 কাঁদিতে কাঁদিতে দৌঁছে ওড়াকান্দী গেল।
 মৃত পাখী পদে রাখি সব জানাইল।।
 প্রভু বলে "এই পাখী মরিয়াছে নাকি?
 মোর মনে বলে ঘুম পড়িয়াছে পাখী।।
 উঠ উঠ ব'লে প্রভু পৃষ্ঠে দিল হাত।
 শ্রীঅঙ্গ পরশে প্রাণ গেল অকস্মাৎ।।
 তাহা দেখি দু'জনের চক্ষু ঝরে নীর।
 প্রেমে গদ গদ হ'ল রোমাঞ্চ শরীর।।
 শ্রীপদে প্রণামী ভাই ভগ্নি বাড়ী গেল।
 শ্রীধামে ময়না পাখী বহু দিন ছিল।।
 রামকৃষ্ণ হরেকৃষ্ণ শ্রীগৌরাজ বল।
 হরি হরি বলিয়া নয়নে বহে জল।।